# বিশ্বভারতী
## শান্তিনিকেতন
## টেন্ডার আহ্বানের বিজ্ঞপ্তি

পি. এম. হাসপাতাল, বিশ্বভারতী, পোঃ শান্তিনিকেতন, জেলা বীরভূম-এর সঙ্গে সংযুক্ত ইনডোর উইং (৩৫ শয্যাবিশিষ্ট) এ রান্না করা খাবার সরবরাহের জন্য কোনও সরকারি সংস্থা/ আধাসরকারি সংস্থায় বা ছাত্রবাসে খাদ্যসামগ্রী সরবরাহের ৫ (পাঁচ) বৎসর অভিজ্ঞতাপূর্ণ ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হইতে সীল করা টেন্ডার কোটেশন আহ্বান করা হইতেছে। কোটেশন কাগজপত্র ও বিশদ বিবরন পি. এম. হাসপাতাল অফিস থেকে ০৯।৩।১৯ হইতে ১৮।৩।১৯ পর্যন্ত পাওয়া যাইবে এবং ১৯।৩।১৯ তারিখ বৈকাল ৫.০০মিঃ এর মধ্যে সীল করা খামে দাখিল করিতে হইবে এবং ২২।৩।১৯ তারিখ সকাল ১১.০০ মিনিট এ উক্ত কোটেশন খোলা হইবে। কোনো কারন না দেখিয়ে কোন কোটেশন গ্রহণের বা বর্জনের অধিকার কতৃপক্ষের থাকিবে। সর্বনিম্ন দরদাতার দর গ্রহন করা বাধ্যতামূলক নহে।

এ বিষয়ে আরও উল্লেখ থাকে যে খাদ্য সরবরাহের চুক্তি দুই বৎসরের জন্য বলবৎ থাকিবে।

১। দরপত্র ৫০০ (পাঁচশত) টাকার বিনিময়ে বিশ্বভারতী ক্যাশ সেকশন-এ জমা দিয়ে পি. এম. হাসপাতাল অফিস হইতে টেন্ডার ফর্ম সংগ্রহ করিতে হইবে। এটা ফেরৎ নহে।

২। দরপত্রের সঙ্গে কাজের অভিজ্ঞতা, ফুড লাইসেন্স, ট্রেড লাইসেন্স, আর্থিক সক্ষমতা, আয়কর, এবং GST প্রদানের প্রমানপত্র দিতে হইবে। অসম্পূর্ণ বা ভুল দরপত্র বিবেচিত হইবে না।

৩। সকল দরদাতাকে জামিন জমা (সিকিউরিটি ডিপোসিট) বাবদ ২৫,০০০/=(পঁচিশ হাজার) টাকা অ্যাকাউন্টস অফিস, বিশ্বভারতীর নিকট জমা দিয়া চুক্তিপত্র সম্পাদন করিতে হইবে।

৪। দরদাতার দর গৃহীত হইলে যদি দরদাতা সরবরাহে সম্মত না হন তাহা হইলে সিকিউরিটি ডিপোজিট বাজেয়াপ্ত হইবে।

৫। চুক্তির সময়-এর মধ্যে সরবরাহ বন্ধ করিলে বা চুক্তিগত সরবরাহে বিঘ্নত হইলে সিকিউরিটি ডিপোজিট বাজেয়াপ্ত হইবে।

৬। চুক্তির সময় উত্তীর্ণ হইলে বা উভয়পক্ষের সম্মতিক্রমে চুক্তিতে ছেদ ঘটিলে সিকিউরিটি ডিপোজিট ফেরৎ দেওয়া হইবে।

৭। বিশ্বভারতী কর্তৃপক্ষ রন্ধনগৃহ এবং গৃহটিতে জল, লাইট, থালা, রেফ্রিজেরেটর ইত্যাদি সরবরাহ করিবে। কিন্তু Repair ও Maintenance এর দায়ীত্ব খাদ্য সরবরাহকারী প্রতিষ্ঠানের।

৮। রন্ধনগৃহটিতে অগ্নিনির্বাপক ব্যবস্থা অবশ্যই নিজদায়িত্বে হইবে।

৯। রন্ধনগৃহটিতে সর্বদা পরিস্কার রাখিতে হইবে।

১০। প্রতিদিন ও প্রতিবেলা প্রয়োজনীয় খাবার (রুগীর খাবারের সংখ্যা) Sister-in-Charge এর কাছ থেকে লিখিত ভাবে জেনে নেবেন ও Bill এর জন্যে এই তথ্য সংরক্ষিত রাখবেন ।

১১। খাবার সরবরাহের চুক্তির মেয়াদ দুই বৎস্যর।

তারিখ- ০৫।০৩।২০১৯

চিফ মেডিকেল অফিসার
পি. এম. হাসপাতাল
বিশ্বভারতী

Dr. S. S. DEBNATH
Chief Medical Officer
P.M. Hospital, V. B.